

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.btcl.gov.bd | বিটিসিএল.বাংলা

নং- ১৪.৩৩.০০০০.০২৪.১১.০০১.২১


তারিখ: ২৫-০৩-২০২১ খ্রিঃ।

আইনজীবী প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল)-এর বিভিন্ন ক্যাটাগরীর মামলা পরিচালনার জন্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগসহ প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এবং বিভিন্ন আদালতে বিচারার্থী, দেওয়ানী, ফৌজদারী, শ্রম আইন, রিট, সিভিল আপিল, আরবিট্রেশন, আপীল, রিভিউ পিটিশন, পিডিআর অ্যাক্ট এবং মানিসুট-সহ মামলাসমূহ যথাযথভাবে বিটিসিএলের পক্ষে পরিচালনা ও তদারকির জন্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ, ঢাকা জেলা ও দায়রা জজ কোর্ট ও প্রশাসনিক ট্রাইব্যুনাল এবং অন্যান্য জেলায় জজ ও দায়রা আদালত, শ্রম আদালত ও প্রশাসনিক ট্রাইব্যুনালে আইনজীবী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আইন পেশায় নিয়োজিত অ্যাডভোকেটগণের নিকট হতে আগামী ৩০মে ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

- (ক) আইন পেশায় নিয়োজিত আগ্রহী প্রার্থীদের (১) নাম, (২) পিতা/মাতার নাম, (৩) স্থায়ী ঠিকানা, (৪) বর্তমান ঠিকানা, (৫) জাতীয় পরিচয় পত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ৩০ মে ২০২১ তারিখ রোজ রবিবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে সিজিএম (মানবসম্পদ), কেন্দ্রীয় কার্যালয়, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে।
- (খ) আবেদনের সাথে বার কাউন্সিলের সনদপত্রসহ সকল পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (গ) জজ কোর্টের আইনজীবীদের ক্ষেত্রে প্রার্থীদের কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। হাইকোর্ট ও আপীল বিভাগের আইনজীবীদের ক্ষেত্রে আইন পেশায় ন্যূনতম ১০ (দশ) বছর বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে আপীল বিভাগে মামলা পরিচালনাকারীগণ আপীল বিভাগের জন্য নির্বাচিত হবেন।
- (ঘ) অবসরপ্রাপ্ত কর্মক্ষম জেলা জজ/বিচারকগণও আবেদন করতে পারবেন।
- (ঙ) বিটিসিএল-এর মামলা পরিচালনার সময় বিটিসিএলের স্বার্থ বিরোধী অপর কোন মামলা পরিচালনায় অংশগ্রহণ করতে পারবেন না।
- (চ) মনোনীত প্যানেল আইনজীবীগণকে ৩ (তিন) বছরের জন্য প্রাথমিকভাবে প্যানেলভুক্ত হবেন। প্রয়োজন অনুযায়ী কর্তৃপক্ষ উক্ত সময়সীমা বর্ধিত করতে পারবেন। তবে কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় তালিকাভুক্তির আদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (ছ) সাধারণভাবে সংশ্লিষ্ট জেলার জন্য নিয়োজিত প্যানেল অ্যাডভোকেটগন নিযুক্ত হবেন। তবে এই নিযুক্তি পরিবর্তনের অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- (জ) বিটিসিএল-এর মামলা পরিচালনার জন্য বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল) কর্তৃক অনুমোদিত রেট অনুসারে ফি প্রযোজ্য হবে।

বিঃদ্রঃ আইনজীবী প্যানেলভুক্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী বিটিসিএল-এর ওয়েব সাইটে (www.btcl.com.bd) পাওয়া যাবে।


মোঃ আবদুর রুউফ
সিজিএম (মানবসম্পদ)
☎: ৫৫১৪১৭৫১